

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ জরিপ অধিদপ্তর

উন্নয়ন সার্ভে

তেজগাঁও, ঢাকা-১২০৮

গত ১৩ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৬ এর আওতায় বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে জ্যেষ্ঠতা তালিকা হালনাগাদ করার জন্য সার্ভেয়ার জেনারেল অফিসের অফিস আদেশ নম্বর ২৩. ০৮.০০০০. ০০৪.০৮.০০৩.২৬.১৬১৮, তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২৬ অনুযায়ী গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (চ:দা:) উন্নয়ন সার্ভে	
সভার তারিখ	১৩ অক্টোবর ২০২৬
সভার সময়	দুপুর ২:৩০ ঘটিকায়
স্থান	অধিদপ্তরের তেজগাঁও ক্যাম্পাসের মিনি সম্মেলন কক্ষ।
উপস্থিতি	কমিটির সকল সদস্যবৃন্দ

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

১. সূচনা ও তথ্য পর্যালোচনা:

সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনালগ্নে সার্ভেয়ার জেনারেল অফিস হতে প্রাপ্ত তথ্যসমূহ পর্যালোচনা করা হয়। সকল সদস্যের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত পদসমূহের পদোন্নতি ও জ্যেষ্ঠতা তালিকা নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়:

- সহকারী পরিচালক (জরিপ): ফিডার পদে কর্মরত সাব-এসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট এবং কারিগরি সহকারী (জিওডেসি, মাঠ, অঙ্কন, ফটোগ্রামেট্রি ও ফটোগ্রাফি)-দের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা।
- প্রশাসনিক কর্মকর্তা: ৫০% ফিডার পদে কর্মরত অফিস সুপারিনটেনডেন্ট এবং ২৫% স্টাফলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জ্যেষ্ঠতা তালিকা।
- সাব-এসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট, কারিগরি সহকারী (জিওডেসি, মাঠ, অঙ্কন ও ফটোগ্রামেট্রি): ফিডার পদে কর্মরত সার্ভেয়ার গ্রেড-১, ডাফটসম্যান গ্রেড-১ ও কম্পিউটার গ্রেড-১ গণদের সমন্বিত জ্যেষ্ঠতা/পৃথক পৃথক জ্যেষ্ঠতা তালিকা।
- কারিগরি সহকারী (ফটোগ্রাফি): ফিডার পদে কর্মরত ফটোগ্রাফার গ্রেড-১ গণদের জ্যেষ্ঠতা তালিকা।
- কারিগরি সহকারী (রি-প্রডাকশন): ফিডার পদে কর্মরত রি-প্রডাকশন কর্মচারীদের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা।
- কারিগরি সহকারী (স্টোর) / স্টোর সুপারভাইজর: ফিডার পদে কর্মরত স্টোর কিপার গ্রেড-১ গণদের জ্যেষ্ঠতা তালিকা।
- অফিস সুপারিনটেনডেন্ট: ফিডার পদে কর্মরত উচ্চমান সহকারী কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা।

২. পর্যালোচনা ও পরিশিষ্টভিত্তিক খসড়া জ্যেষ্ঠতা তালিকা নির্ধারণ:

আলোচনার প্রেক্ষিতে এবং কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী উপরোল্লিখিত পদগুলোর বিপরীতে সমন্বিত/পৃথক পৃথক খসড়া জ্যেষ্ঠতা তালিকা পরিশিষ্ট আকারে নিম্নরূপভাবে চূড়ান্ত করা হয়:

ক) সহকারী পরিচালক (জরিপ): ইতোপূর্বে জারিকৃত অফিস আদেশ নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.০৯.০০৩.২৬.৪২১; তারিখ: ১২ মার্চ ২০২৬-এর মাধ্যমে ১৯ জন কর্মচারীকে অন্তর্ভুক্ত করে খসড়া তালিকা প্রকাশ করা হয়েছিল। উক্ত তালিকা হতে ক্রম-০২ এর কর্মচারী জনাব মোহাম্মদ হোসেন ভূঁইয়া, কারিগরি সহকারী (মাঠ) অবসরে গমন করায় অবশিষ্ট ১৮ জন কর্মচারীকে নিয়ে সমন্বিত খসড়া জ্যেষ্ঠতা তালিকা পরিশিষ্ট 'ক' আকারে প্রস্তুত করা হয়।



খ) প্রশাসনিক কর্মকর্তা:

৫০% কোটা (অফিস সুপারিনটেনডেন্ট): ফিডার পদে কর্মরত কর্মচারীদের ১ম নিয়োগে বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি কর্তৃক প্রদত্ত মেধা তালিকা ব্যতীত অন্য কোনো জ্যেষ্ঠতা তালিকা না থাকায় বিভাগীয় আদেশ নং: ৬০/প্রশাসন/১৯৯৩; তারিখ: ২৫-১১-১৯৯৩ খ্রি. অনুযায়ী উক্ত তালিকাটি সঠিক বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী পরিশিষ্ট 'খ' আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

২৫% কোটা (সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর): পৃথক কোনো জ্যেষ্ঠতার তালিকা না থাকায় নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১-এর ধারা ৭ অনুযায়ী খসড়া জ্যেষ্ঠতা নির্ধারণের তালিকা পরিশিষ্ট 'গ' আকারে প্রস্তুত করা হয়।

গ) কারিগরি সহকারী (ফটোগ্রাফি):

সার্ভেয়ার জেনারেল অফিসের বিভাগীয় আদেশ নম্বর: ২৫/প্রশাসন/২০১৭; তারিখ: ০৪ জুন ২০১৭-এর ক্রম-০১ এর কর্মচারী জনাব মিজানুর রহমান, ফটোগ্রাফার গ্রেড-১ অবসরে গমন করায় উক্ত তালিকা হতে ক্রম-০৩, ০৭ ও ০৯ নম্বর কর্মচারীদের অন্তর্ভুক্ত করে পরিশিষ্ট 'ঘ' আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

ঘ) কারিগরি সহকারী (রি-প্রডাকশন):

ফিডার পদে কর্মরত লিথো মেশিন প্রিন্টার/ লিথো ড্রাফটসম্যান/ ফটো রিটাচার/ প্লেটমেকার/ প্রুভার/ লেটার প্রেস প্রিন্টার/ টেকনিক্যাল ক্লার্ক/ ম্যাপ স্টোর কিপার/ পাউডার প্রসেস অপারেটর/ নেগেটিভ রিটাচার/ হ্যান্ড প্রেস প্রিন্টার/ মেশিন ফিডার/ গুলেটাইন অপারেটর/ নেগেটিভ প্লেট কিপার/ মনোটাইপ অপারেটর/ কম্পোজিটর (গ্রেড-১)-দের তালিকা হতে অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণকারী কর্মচারীদের নাম বাদ দিয়ে অবশিষ্টদের নিয়ে পরিশিষ্ট 'ঙ' আকারে সমন্বিত খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

ঙ) সাব-এসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট/ কারিগরি সহকারী (জিওডেসি, মাঠ, অঙ্কন, ফটোগ্রামেট্রি):

বিভাগীয় আদেশ নম্বর: ২৪/প্রশাসন/২০১৭; তারিখ: ০৪ জুন ২০১৭ অনুযায়ী জারিকৃত সার্ভেয়ার গ্রেড-১, ড্রাফটসম্যান গ্রেড-১ ও কম্পিউটার গ্রেড-১ গণদের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা হতে অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণকারী কর্মচারীদের নাম বাদ দিয়ে ফিডার পদে কর্মরত অবশিষ্টদের নিয়ে পরিশিষ্ট 'চ', 'চ-১', ও 'চ-২', 'চ-৩' আকারে সমন্বিত/ আলাদা খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

ছ) কারিগরি সহকারী (স্টোর)/ স্টোর সুপারভাইজর:

ফিডার পদে কর্মরত স্টোর কিপার (গ্রেড-১)-দের জ্যেষ্ঠতা তালিকা বিভাগীয় নিয়োগ কমিটির মেধা তালিকার ভিত্তিতে পরিশিষ্ট 'ছ' আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।

চ) অফিস সুপারিনটেনডেন্ট:

ফিডার পদে কর্মরত উচ্চমান সহকারী কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা না থাকায় নিয়োগকালীন বিভাগীয় নিয়োগ কমিটির মেধা তালিকা অনুযায়ী পরিশিষ্ট 'জ' আকারে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করা হয়।


৩. বিজ্ঞপ্তি প্রকাশ ও আপত্তি আহ্বান:

উপরে প্রস্তুতকৃত পরিশিষ্ট (ক থেকে জ) এর সমন্বিত/আলাদা জ্যেষ্ঠতা তালিকা সকল কর্মচারীদের অবগতির জন্য বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নোটিশ বোর্ড এবং অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য অন্যান্য পদের জ্যেষ্ঠতা তালিকা ধারাবাহিকভাবে প্রকাশ করা হবে।

উক্ত তালিকা আগামী ৩০ কর্মদিবসের জন্য (অথবা ০৬ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত) বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে উপস্থাপিত থাকবে। উল্লিখিত সময়ের মধ্যে জ্যেষ্ঠতা বিষয়ে কোনো কর্মচারীর আপত্তি থাকলে তা যথাযথ প্রমানকসহ কমিটির সভাপতি বরাবরে লিখিত আবেদনের আহ্বান জানানো হলো। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।



সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



দেবশীষ সরকার
উপ পরিচালক(জরিপ)(চ:দা:)
ট্রেনিং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর




সৈয়দ মোহাম্মদ মাসুম
উপ পরিচালক(জরিপ)(চ:দা:)
ফটোগ্রামেট্রিক অফিস
বাংলাদেশ জরিপ অধিদপ্তর



মেজর সৈয়দ মনিরুল হাসান
উপ পরিচালক(জরিপ)(অ:দা:)
৪ নং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর



মোঃ শফিকুর রহমান
উপ পরিচালক(জরিপ)
১ নং পার্টি
বাংলাদেশ জরিপ অধিদপ্তর



মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (চ:দা:), উন্নয়ন সার্ভে
বাংলাদেশ জরিপ অধিদপ্তর